মেহেরপুরে পুলিশ কনস্টেবল পদে চাকরি পেলেন ১৯ জন

মেহেরপুরে পুলিশের কনস্টেবল (টিআরসি) পদের নিয়োগ পরীক্ষায় শতভাগ মেধা, যোগ্যতা ও স্বচ্ছতার ভিত্তিতে উত্তীর্ণ হয়ে প্রাথমিকভাবে মনোনীত হয়েছেন ১৮ জন পুরুষ এবং ১ জন নারীসহ মোট ১৯ জন।

নিয়োগের পুরো প্রক্রিয়া স্বচ্ছ ও নিয়মতান্ত্রিকভাবে সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছেন নিয়োগ বোর্ড।

মেহেরপুর পুলিশ লাইন্সে নিয়োগ প্রক্রিয়ার প্রথম ধাপে প্রার্থীরা শারীরিক মাপ, শারীরিক সক্ষমতা এবং অন্যান্য আনুষঙ্গিক পরীক্ষা- নিরীক্ষায় উত্তীর্ণ হন। নিজেদের মেধা ও যোগ্যতার স্বাক্ষর রেখে ১৯ জন প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত হন। ওয়েটিং লিস্টে আছেন নারীসহ ৩ জন।

আজ শুক্রবার (২৯ নভেম্বর) রাত ৮ টায় মেহেরপুর পুলিশ লাইন্স ড্রিল শেডে চূড়ান্ত ফলাফল ঘোষণা করেন পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম।

চূড়ান্ত ফলাফল ঘোষণাকালে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, জামিরুল ইসলাম, ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মহিদুর রহমান, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার আলিমুজ্জামান।

নতুন চাকরি পাওয়া তরুণ-তরুণীরা তাদের মেধা ও যোগ্যতায় বাংলাদেশ পুলিশের গর্বিত সদস্য হতে পেরে উচ্ছ্বসিত এবং আনন্দিত।

পুলিশ সুপার মাকসুদা আকতার খানম পিপিএম বলেন, তোমাদের অনেকের যোগ্যতা রয়েছে। কিন্তু আমাদের সীমাদ্ধতার কারণে বাছাই করে ১৯জনকে চুড়ান্ত করতে হয়েছে। তোমরা যারা এখানে সুযোগ পাওনি তারা আবারও চেষ্টা করো। পাশাপাশি অন্যান্য চাকরিতেও তোমার সুযোগ রয়েছে।

আলমডাঙ্গায় আওয়ামীলীগের ৬ নেতাকর্মী গ্রেফতার

আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়ন বিএনপির পদযাত্রায় হামলার মামলায় ইউনিয়ন আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের ৬ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বৃহস্পতিবার (২৮ নভেম্বর) সকাল থেকে আজ শুক্রবার (২৯ নভেম্বর) ভোর পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেপ্তাররা হলেন-কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক (৫৫), জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রইচ উদ্দীন মোল্লা (৬০), বেলগাছি ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক (৪০), বেলগাছি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন (৪২), বাড়াদি ইউনিয়ন যুবলীগের যুগ্ন-সাধারণ সম্পাদক জিয়াউল হক (৪২) ও চিৎলা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলমঙ্গীর হোসেন (৪০)।

আলমডাঙ্গা থানার ওসি মাসুদুর রহমান বলেন, ২০২৩ সালের ১১ ফেব্রুয়ারি বিএনপির কেন্দ্রীয় ঘোষিত ইউনিয়ন বিএনপির পদযাত্রার কর্মসুচি থাকায় মহাসিন আলীসহ ৩০/৪০ জন বিএনপি নেতাকর্মীদের পদযাত্রায় অংশ গ্রহণের জন্য যাচ্ছিলেন। ওই দিন তারা খাদিমপুর ইউনিয়নের পাঁচকমলাপুর গ্রামের হায়দার মোড়ে পৌঁছালে আওয়ামীলীগের উশৃংখল নেতা-কর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে পরিকল্পিতভাবে বিএনপি নেতাকর্মীদের উপর হামলা, মারপিট ও ককটেল বিস্ফোরণ ঘটায়। এছাড়া ৫ টি মোটরসাইকেল কেড়ে নেওয়া হয়।

ওসি আরও জানান, ওই ঘটনায় উপজেলার লক্ষীপুর গ্রামের আবুল হোসেনের ছেলে মহাসীন আলী বাদী হয়ে ৯ নভেম্বর রাতে ৪২ জনের নাম উল্লেখসহ আরও ৫০/৬০ জন অজ্ঞাত ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করেন। ওই মামলায় তাদেরকে গ্রেফতার করা হয়।

কুষ্টিয়ায় ২২ লাখ টাকার হেরোইন জব্দ

কুষ্টিয়ার মিরপুরে বিজিবির অভিযানে ১ কেজি ১১৫ গ্রাম ভারতীয় হেরোইন উদ্ধার করা হয়েছে। যার আনুমানিক মূল্য ২২ লাখ ৩০ হাজার টাকা।

গতকাল বৃহস্পতিবার (২৮ নভেম্বর) বিকেলে কুষ্টিয়া সেক্টরের ৪৭ বিজিবি ব্যাটালিয়নের টহল দল মিরপুর রেলওয়ে স্টেশনে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে বিপুল পরিমাণ এ মাদক উদ্ধার করে। উদ্ধার হওয়া মাদকের সাথে জড়িত কেউ আটক হয়নি বলে বিজিবি সূত্র নিশ্চিত করেছে।

বিজিবি সূত্র জানায়, সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে ৪৭ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়কের নির্দেশনায় ব্যাটালিয়ন সদরের বিশেষ টহল দল মিরপুর রেলওয়ে স্টেশনে খুলনাগামী ‘কপোতাক্ষ এক্সপ্রেস’ ট্রেনে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান চালায়। এসময় মালিকবিহীন অবস্থায় ১ কেজি ১১৫ গ্রাম ভারতীয় হেরোইন উদ্ধার করা হয়।

উদ্ধার হওয়া হেরোইন উদ্ধারের বিষয়ে মিরপুর থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে বলে বিজিবি সূত্র জানিয়েছেন।

দামুড়হুদায় মাথাভাঙ্গা নদী থেকে অবৈধ ম্যাজিক জাল অপসারণ

দামুড়হুদা উপজেলায় মোবাইল কোটের মাধ্যমে মাথাভাঙ্গা নদী থেকে অবৈধ বাঁধ ও ম্যাজিক জাল অপসারণ করা হয়েছে। দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য বিভাগের যৌথ উদ্যোগে ৩টি অবৈধ বাঁধ অপসারণ ও ১০টি চায়না দুয়ারি জাল, ২টি সুতি জাল উদ্ধার করে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

আজ বৃহস্পতিবার (২৮ নভেম্বর) সকাল ১০ টা থেকে দুপুর পর্যন্ত

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর রঘুনাথপুর সুবুলপুর গোবিন্দপুর গলায়দড়ি, জিরাটসহ বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে অবৈধ বাঁধ অপসারণ করে মাছ ধরার জাল জব্দ করা হয়েছে।

অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি কে এইচ তাসফিকুর রহমান। মোবাইল কোর্ট অভিযানে সহযোগিতা করেন দামুড়হুদা উপজেলা মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার, উপজেলা ভুমি অফিসের সহকারি আরিফ উদ্দীন,দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি কে এইচ তাসফিকুর রহমান অভিযান শেষে সাংবাদিকদের জানান, আপনারা জানেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার একটি গুরুত্বপূর্ণ নদী যার নাম মাথাভাঙ্গা। এই মাথাভাঙ্গা নদীতে কিছু অসাধু ব্যক্তি বাঁশের আড়াআড়িভাবে বাঁধ দিয়ে রাখছিল এর পরিপ্রেক্ষিতে দামুড়হুদা উপজেলা মৎস্য কর্মকর্তার সাথে নিয়ে অভিযান পরিচালনা করা হয় সেখানে চায়না ম্যাজিক জাল ও বাঁধ অপসারণ করা হয়। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে। পরবর্তীতে এই কর্মকান্ডের সাথে কেউ জড়িত থাকলে কঠোরভাবে আইনি পদক্ষেপ নেয়া হবে।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ডিসি ও জজকোর্ট অফিস ঘেরাও কর্মসূচি

মেহেরপুর শিশু ও নারী নির্যাতন আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) ও মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতির পদ থেকে অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমানকে প্রত্যাহারের দাবীতে জেলা প্রশাসক ও জেলা দায়রা ও জজকোর্ট অফিস ঘেরাও কর্মসূচি পালন করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখা। এসময় তাঁরা মেহেরপুর কোর্টের প্রধান সড়ক বন্ধ করে দেন।

আজ বৃহস্পতিবার (২৮ নভেম্বর) বেলা ১২ টা থেকে বেলা আড়াইটা

পর্যন্ত এই কর্মসূচি পালন করে সংগঠনের ছাত্ররা।
এর আগে গত ২০ নভেম্বর তাকে প্রত্যাহারের দাবীতে মেহেরপুর জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান ও মানববন্ধন কর্মসূচি পালন করেন তাঁরা। অ্যাডভোকেট ম্সোতফিজুর রহমানকে প্রত্যাহারের জন্য প্রশাসনকে সময় সীমা বেঁধে দিয়েছিলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন।

গতকাল ২৭ নভেম্বর পর্যন্ত সময়সীমা পার হওয়ায় আজ এই কর্মসূচি পালন করে তাঁরা। কর্মসূচি পালনকালে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ মেহেরপুর জেলা প্রশাসকের অফিসের সামনের সড়ক বন্ধ করে বিক্ষোভ মিছিল করে।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার আহবায়ক ইমতিয়াজ আহম্মেদের নেতৃত্বে অনুষ্ঠিত এই কর্মসূচিতে বক্তব্য রাখেন, যুগ্ম আহবায়ক তামিম ইসলাম, সদস্য সচিব মুজাহিদুল ইসলাম, যুগ্ম সদস্য সচিব তাহসিন পাননা, যুগ্ম সদস্য সচিব সজিব হাসান, মুখ্য সংগঠক শাওন, সংগঠক আশিক রাববী, মো নাসিম রানা বাধন, শাকিরুল ইসলাম, তামিমুর রহমান তুষার, আফিফ হাসান আবির, মাহমুদুল হাসান সিয়াম, সামিউল ইসলাম, আরিফ হোসেন প্রমুখ।
কর্মসূচি পালন কালে সেনাবাহিনীর একটি টিম এসে উপস্থিত হন। পরে মেহেরপুর জেলা প্রশাসকের নির্দেশে স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক শামীম হোসেন তাঁদের কাছে আসেন এবং নতুন করে স্বারকলিপি প্রদান করার অনুরোধ জানান। বিষয়টি প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বাস দিলে ছাত্ররা তাঁদের কর্মসূচি ১০ দিনের জন্য স্থগিত করেন। বেঁধে দেওয়া সময় অতিক্রম হলে মেহেরপুর জেলাসহ দেশ ব্যাপি আন্দোলনের হুশিয়ারী দেন তাঁরা।

উল্লেখ্য, অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও মেহেরপুর জজকোর্টের শিশু ও নারী নির্যাতন আদালতের পিপি মনোনীত হওয়ার পর থেকে তাঁকে প্রত্যাহারের দাবীতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কর্মসূচি পালন ও আল্টিমেটাম প্রদান করেন।

মেহেরপুরে চার বছরের শিশু ধর্ষণ মামলা বৃদ্ধর যাবজ্জীবন জেল

মেহেরপুরের মুজিবনগরে চার বছরের শিশু ধর্ষণের অভিযোগে তছলেম উদ্দিন (৫৯) নামের এক বৃদ্ধর যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের জেলা ও দায়রা জজ, ও নারী ও শিশু নিযার্তন ট্রাইব্যুনালের বিচারক মো: তহিদুল ইসলাম এ রায় দেন। একই সঙ্গে ৫ লাখ টাকা জরিমানা অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।

দণ্ডিত তছলেম উদ্দিন মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের মৃত বিলাত মিস্ত্রির ছেলে।

মামলার এজাহারে জানা গেছে, ২০২৩ সালের ২২ আগষ্ট দুপুরে প্রতিবেশী চার বছর বয়সী এক শিশু কন্যাকে চকলেট দেওয়ার প্রলোভন দেখিয়ে পাশের একটি বাগানে নিয়ে জোর পূর্বক ধর্ষণ করে। ওই দিন রাতে ওই শিশু কন্যার মা বাদী হয়ে মুজিবনগর থানায় একটি ধর্ষণ মামলা করে। মামলার তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা তছলেম উদ্দিনকে অভিযুক্ত করে আদালতে প্রতিবেদন দাখিল করেন। আদালত তদন্ত প্রতিবেদন, ভিকটিমের জবানবন্দী ও সাক্ষীদের সাক্ষ্যগ্রহণ পযার্লোচনা করে আসামির বিরুদ্ধে যাবজ্জীবন কারাদণ্ডাদেশ, ৫ লাখ টাকা জরিমানা অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডাদেশ দেন। মামলার রায় ঘোষনার সময় আসামি আদালতে হাজির ছিলেন।

আর মামলায় বাদি পক্ষের আইনজিবী ছিলেন অ্যাড. রোকেয়া ও আসামি পক্ষের আইনজিবী ছিলেন একেএম আসাদুল আলম।

আওয়ামীপন্থী আইনজীবীদের নির্বাচন বর্জনের ঘোষনা

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের চাপ প্রয়োগের অভিযোগ এনে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আওয়ামীপন্থী সম্মিলিত আইনজীবী পরিষদ নির্বাচন বর্জনের ঘোষণা দিয়েছেন।

আজ বুধবার (২৭ নভেম্বর) সকালে বারভবনে তারা এ ঘোষণা দেন। ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির নির্বাচনে সম্মিলিত আইনজীবী পরিষদ নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক এ্যাড. আজিজুর রহমান অভিযোগ করে বলেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ তাদের বিরুদ্ধে অবস্থান নিয়ে চাপ দিচ্ছে। এছাড়াও প্রতিদ্বন্দ্বী প্রার্থীরাও নির্বাচন নিয়ে ষড়যন্ত্র করছে। এতে আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও খারাপ হতে পারে। নির্বাচনের সুষ্ঠু পরিবেশ না থাকায় আমরা নির্বাচন বর্জনের ঘোষণা দিচ্ছি। আমাদের কোন প্রার্থী বা সমর্থক এ নির্বাচনে অংশগ্রহণ করবে না।

এ ব্যাপারে জেলা আইনজীবী সমিতির নির্বাচনে নির্বাচন কমিশনার এডভোকেট খায়রুজ্জামান জানান, জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আমি নির্বাচন কমিশনারের দায়িত্বে ছিলাম। গত ২৫ নভেম্বর বৈষম্য বিরোধী ছাত্র-জনতার পক্ষ থেকে ৩ দফা দাবি সম্বলিত স্মারকলিপি প্রদান করেন। আমি তাদের দাবির বিষয়ে লিখিতভাবে বারকে জানায় সিদ্ধান্ত দেওয়ার জন্য কিন্তু বারের পক্ষ থেকে আমাকে কোন সিদ্ধান্ত দিলেন না। নির্বাচন নিয়ে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে আমি নিরাপত্তাহীনতা বোধ করছি। সেকারণে আমি নির্বাচন কমিশনারের দায়িত্ব থেকে নিজেও পদত্যাগ করেছি। লিখিত পদত্যাগপত্র আমি বারে দাখিল করেছি। এছাড়া আমার সাথে দু’জন সহকারী নির্বাচন কমিশনার ছিলেন। তারা হলেন এডভোকেট আব্দুল মালেক ও এডভোকেট তারিকুল আলম। তাদের মধ্যে এডভোকেট আব্দুল মালেকও পদত্যাগ করেছেন।

উল্লেখ্য, গত ২৫ নভেম্বর আইনজীবী সমিতি ভবনে নির্বাচনের দায়িত্বরত নির্বাচন কমিশনারের কাছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহবায়ক আবু হুরাইরা ও সদস্য সচিব সাইদুর রহমান ৩ দফা দাবি সম্বলিত এক স্মারকলিপি লিপি প্রদান করেন। এতে বলা হয় এই নির্বাচনে আওয়ামী পন্থীদের অংশগ্রহণ করতে দেওয়া হলে জুলাই

বিপ্লবের হাজারো শহীদের রক্তের সাথে বেইমানী করা হবে। তাদের কোন ভাবেই নির্বাচনে অংশ গ্রহন করতে দেওয়া হবে না।

২৮ নভেম্বর ভোটগ্রহণের দিন ধার্য্য ছিল। নির্বাচনে ভোটার রয়েছেন ৩২০ জন। নির্বাচনে বিএনপি জামায়াত ঐক্য পরিষদের সবুজ প্যানেলে ১৭ জন, আওয়ামীপন্থী সম্মিলিত আইনজীবী পরিষদরে লাল প্যানেলে ১৭ জন ও স্বতন্ত্র সাদা প্যানেলে ৩ জন প্রতিদ্বন্দ্বিতায় অংশ নেন।

মেহেরপুরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

চট্টগ্রাম আইনজীবি সমিতির সদস্য এ্যাডভোকেট সাইফুল ইসলাম আলিফ হত্যার প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৭ নভেম্বর) দুপুর ২টায় মেহেরপুর জেলা আইনজীবী ভবনের সামনে বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবি ফোরাম, মেহেরপুর জেলা শাখার আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবি ফোরামের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন এবং মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সিনিয়র সদস্য মখলেছুর রহমান খান (স্বপন) বক্তব্য রাখেন।

https://youtu.be/49rfZbPplXo?si=-bJoaCiuue4m-XJj

এছাড়াও এসময় বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবি ফোরামের মেহেরপুর জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি আদিল করিম, সহ-সভাপতি শহিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক আসাদুল আযম খোকন, এ কে এম জিল্লুর রহমান, সহ-সাংগঠনিক সম্পাদক মোঃ ফরিদ উদ্দিন, দপ্তর সম্পাদক মিজানুর রহমান, প্রচার সম্পাদক আব্দুল আলিম, অর্থ সম্পাদক আরিফুজ্জামান, এডভোকেট আ. ন. ম. আল মামুন (অনল) সহ সংগঠনের

অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় তারা এ্যাডভোকেট সাইফুল ইসলাম আলিফ হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও দোষীদের দ্রুত শাস্তির দাবি জানান।

ঝিনাইদহে ধর্ষণের অভিযোগে ৩ জনের বিরুদ্ধে মামলা

সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ঝিনাইদহের নগর বাথান (পুটেপাড়া) গ্রামের এক তরুণী। ঘটনাটি ঘটেছে গত বৃহস্পতিবার (২১ নভেম্বর) সন্ধ্যায় কোটচাঁদপুর উপজেলার শিকারকুন্ডু গ্রামের তাজুলের মেহগনি বাগানে।

এ বিষয়ে ঝিনাইদহ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালে মামলা দায়ের করেছেন ভিকটিম। গতকাল সোমবার (২৫ নভেম্বর) নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর সংশোধনী ২০০৩ এর ৯ (১) ৭/৩০ ধারা এবং পর্ণোগ্রাফী আইনের ৮(১)৮(৩) ধারায় এ মামলাটি দায়ের করা হয়।

মামলায় আসামী করা হয়েছে কোটচাঁদপুর উপজেলার শিকারকুন্ডু গ্রামের খোরশেদ মিয়ার ছেলে শাহাদত হোসেন (৩০), কাউছার আলীর ছেলে লাভলু রহমান (৩২) এবং শফি উদ্দীন ওরফে শফিকুলের ছেলে উজ্জল হোসেন (৩০) কে।

মামলার এজাহারে বলা হয়েছে ভিকটিম গত বৃহস্পতিবার (২১ নভেম্বর) সন্ধ্যার দিকে কোটচাদপুর উপজেলার শিশারকুন্ডু গ্রামে তার খালার বাড়িতে বেড়াতে যায়। এ সময় ভিকটিম গ্রামের পাকা রাস্তার ধারে তাজুলের মেহগনি বাগানের কাছে পৌছলে সন্ধ্যা কালিন পরিবেশে ধর্ষক শাহাদত, লাভলু ও উজ্জল ভিকটিম কে উঠিয়ে নিয়ে মেহগনি বাগানে যায় এবং একের পর এক ধর্ষণ করে। এ সময় ভিকটিমের আর্তচিৎকারে আগে থেকে খুজতে থাকা খালা-খালু ও পথচারীরা তাকে উদ্ধার করে। পরবর্তিতে ভিকটিম কোটচাঁদপুর থানায় মামলা দিতে যায়। তবে থানা পুলিশ মামলা নিতে অস্বীকৃতি জানায়। ভিকটিম কোন প্রতিকার না পেয়ে গতকাল সোমবার (২৫ নভেম্বর) ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন

ট্রাইবুনালে মামলা দায়ের করেন।

আদালত মামলাটি তদন্তের জন্য পুলিশ ব্যুরো অব ইনভেষ্টিগেন (পিবিআই) কে তদন্তের জন্য নির্দেশ প্রদান করেন। ভিকটিম জানান চিহ্নিত ধর্ষকরা তাকে মামলা তুলে নিতে ভয়ভীতি দেখানোসহ জীবন নাশের হুমকী দিচ্ছে। তিনি বলেন আমি এখন নিরাপত্তাহীনতায় ভুগছি। আমার খালাসহ অন্যান্য স্বাক্ষীদের গুম খুনের হুমকী দিয়ে যাচ্ছে এমনকি গ্রাম থেকে পরিবারসহ তাদেরকে বিতাড়িত করার ষঢ়যন্ত্র করে যাচ্ছে।

এ বিষয়ে জানতে উজ্জল, শাহাদত এবং লাভলু কে তাদের ফোনে একাধীকবার যোগাযোগ করা হলেও তাদের ফোন বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরে ফেন্সিডিলসহ আটক ১

মেহেরপুরে ২৫ বোতল ফেন্সিডিলসহ আব্দুল আউয়াল (৬০) নামের এক মাদক কারবারীকে আটক করেছে জেলা ডিবি পুলিশ।

আজ মঙ্গলবার (২৬ নভেম্বর) সকালে তাকে আটক করে। আটককৃত আব্দুল আউয়াল মেহেরপুর সদর উপজেলার কালী গাংনী গ্রামের কলোনি পাড়ার মৃত নিয়ামত শেখের ছেলে।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি মেজবাউদ্দিন জানান, মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের বারাদি কলেজের রাস্তা সংলগ্ন যাত্রী ছাউনি এলাকায় মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে জেলা ডিবি পুলিশের এসআই উত্তম কুমারের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ২৫ বোতল ফেন্সিডিলসহ আব্দুল আউয়ালকে আটক করে। আটককৃত আব্দুল আউয়াল এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন রয়েছে।